গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অডিট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/অডিট/কেন্দ্র-১/৩৬০(অংশ-১)/২০১৩/১০৭০ তারিখঃ ২২/১২/২০১৬ খ্রিঃ

বিষয়: দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পিএ কমিটি) ৬১তম বৈঠকের সিদ্ধান্ত/দিক নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) প্রেরণ প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত ১৮/১২/২০১৬ তরিখে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে পিএ কমিটির ৬১তম বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে পিএ কমিটির সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত/দিক নির্দেশনা প্রদান করেছেন।

ক. অডিট আপত্তি সংশ্লিষ্ট সিদ্ধান্ত/দিক নির্দেশনাঃ

ক্রমঃ নং	সিদ্ধান্ত/দিক নির্দেশনা	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জেলা সদর হাসপাতাল, কক্সবাজারের প্রাক্তন তত্ত্বধায়ক/সিভিল সার্জন ডাঃ কাজল কান্তি বড়ুয়া এর ৭২,০০০/- টাকা আদায়ের বিষয়ে PDR ACT অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।	তত্ত্বধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল/সিভিল সার্জন, কক্সবাজার।
২.	ক. রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের গেইট পাশের আদায়কৃত যে টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে সে টাকা বাদে অবশিষ্ট টাকা ০৩ (তিন) মাসের মধ্যে আদায় করতে হবে। খ. রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের গেইট পাশের আদায়কৃত টাকার বিষয়ে মামলা না হওয়ার স্বপক্ষে মন্তব্য ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। গ. গেইট পাস সংক্রান্ত কোন টাকা আদায় করা যাবে না। যে অর্থ আদায় করা হয়েছে তা সরকারী কোষাগারে জমা দিতে হবে। যারা টাকা আদায় করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৩.	ইউজার ফি সংক্রান্ত মামলার রায় সম্পর্কে খোজ নিতে হবে।	আইন শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
৪.	ইউজার ফি এর ১,৫২,৫০,৩১৬/- টাকার বিষয়ে মামলার অগ্রগতি এবং ১৭,৪৪,১৮৫/- টাকা সরকারি কোষাগারে জমার বিষয়ে ৬০ দিনের মধ্যে জানাতে হবে।	আইন শাখা, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী এবং তত্ত্বধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, কক্সবাজার।
৫.	যক্ষা ও কুষ্ঠ রোগের ঔষধ সম্পর্কে পূর্বের সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে ০৭ দিনের মধ্যে জানাতে হবে।	মহাপরিচালক ও পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর।
৬.	যশোর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের ৫.৫৫.৩২৯/- টাকার বিষয়ে ৬০ দিনের মধ্যে ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে সুরাহা করতে হবে।	তত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, যশোর।
৭.	বান্দরবান জেলা সদর হাসপাতালের ২,৫৯,৮৭৩/- টাকা এর বিষয়ে অনধিক ০১ মাসের মধ্যে ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে সুরাহা করতে হবে।	তত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, বান্দরবান।
৮.	কক্সবাজার সদর হাসপাতালের ৩৬,০০০/- টাকা আদায়ের প্রমাণক ০৭ দিনের মধ্যে অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	তত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, কক্সবাজার।

খ. অন্যান্য সাধারন সিদ্ধান্ত/দিক নির্দেশনাঃ

ক্রমঃ নং	সাধারন সিদ্ধান্ত/দিক নির্দেশনা	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	স্বাস্থ্য বীমা (মালোশিয়ান মডেল অব হাসপাতাল ম্যানটেইন্যান্সকে অনুসরণ করা যেতে পারে)।	মহাপরিচালক, হেলথ ইকোনোমিক ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২.	বক্ষ ব্যাধি হাসপাতালের অবস্থা খারাপ।	পরিচালক, বক্ষ ব্যাধি হাসপাতাল।
৩.	চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলা হাসপাতালের এক্সরে মেশিনটি আজও চালূ হয়নি।	পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, ঢাকা।
৪.	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল অত্যান্ত নোংরা এবং মানও খারাপ।	পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
৫.	গড় আয়ু ৭২ বছর। কলেরা প্রশমিত হয়েছে। ব্যবস্থাপনার প্রতি বিশেষ নজর দিতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
৬.	স্বাস্থ্য সেবা আরও নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

২। উল্লেখ্য, বাংলাদেশ জাতীয় সংসদে পিএ কমিটির উক্ত সিদ্ধান্ত/দিক নির্দেশনা সর্বোচ্চ অগ্রধিকার ভিত্তিতে বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) প্রেরণ করতে হবে। অন্যথায়, সিদ্ধান্ত/দিক নির্দেশনা বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন মর্মে অবহিত করা হল।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত/দিক নির্দেশনা বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) আগামী ২৯/১২/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মসিউর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১১০২৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, হেলথ ইকোনোমিক ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনসারী ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
৪। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৫। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৬। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, বক্ষ ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৮। সহকারী পরিচালক (আইন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, যশোর।
১০। তত্ত্ববধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, কক্সবাজার।
১১। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, বান্দরবান।
১২। সিভিল সার্জন, কক্সবাজার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। অতিরিক্ত সচিব (এ.এস) ও কমিটি সচিব (ছুটি কালীন), সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (আঃব্যঃঅঃ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুন বাগিচা, ঢাকা।
৪। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয়ের একান্ত সচিব, মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিটভবন,৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিষ্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সংশ্লিষ্ট কর্মকর্তাগনের ইমেইলে এবং ওয়েব সাইটে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)